দৈনিক জনকণ্ঠ

তারিখ ... ... JUL 07 2000 ...
পৃষ্ঠা 4 কলাম 2

89

## সম্পাদক সমীপে

মতামতের জন্য সম্পাদক দায়ী নন

### পরীক্ষার ফল বিলম্বে প্রকাশের সংস্কৃতির অবসান চাই

বিশ্ববিদ্যালয়ের পড়ালেখা এখন যেন প্রহসন হয়ে দাঁড়িয়েছে। বিদ্যার্জনের সর্বোচ্চ অঙ্গন আজ এক নিষ্ঠুর ভুবন। এ ভুবনের নিষ্ঠুরতা যেন পরিণত হচ্ছে নিয়মে। প্রকৃত অভিভাবক নামের সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এসব দেখেও না দেখার ভান করে এবং শুনেও না শোনার ভান করে দেশকে নিয়ে যাচ্ছে এক অনিশ্চিত ও অরাজক গন্তব্যে। পরীক্ষার ফল সময়মতো প্রকাশ না করায় সেশনজটের পাহাড় যে আরও বড় হচ্ছে, সে কথা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বেমালুম ভুলে গেছে। দীর্ঘ ছাত্রজীবন অতিবাহিত করে যখন কোন ছাত্র পায় না যোগ্য কর্মসংস্থান তখন হতাশা থেকে মুক্তি পেতে নেশাগ্রস্ত হয়ে পড়ে। পারিবারিক ও সামাজিকভাবে অবহেলার শিকার হয়ে মেধাবী ছাত্রটি হয়ে ওঠে সন্ত্রাসী। কর্তৃপক্ষ একটু ভেবে দেখুন, কি কারণে দেশ গঠনের হাতিয়ারের হাতে উঠে আসে দেশবিধ্বংসী হাতিয়ার?

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ১৯৯৬ সালের মাস্টার্স শেষ পর্বের পরীক্ষা শুরু হয় ১৯৯৯ সালের ডিসেম্বর মাসে। অদ্যাবধি ফল প্রকাশ করা সম্ভব হয়নি। অথচ ১৯৯৭ সালের মাস্টার্স শেষ পর্বের পরীক্ষা শুরু হয়েছে ইতোমধ্যে। যথাযথ কর্তৃপক্ষের কাছে ফল প্রকাশের বিলম্বের সঠিক কারণ জানতে চাই এবং পরীক্ষার ফল বিলম্বে প্রকাশের সংস্কৃতির চির অবসান চাই।

*শাশ্বত মনির*

সভাপতি, নেপথ্য সাহিত্য সংসদ, ময়মনসিংহ।